



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং- ৩৮.০১.০০০০.৮০১.০৩.০২৩.১৯-৩২৭

তারিখ: ০৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি-২০২৩ তথ্য সংগ্রহের অগ্রগতি ও নির্ভুল তথ্য প্রদানের লক্ষ্যে সময়সীমা বর্ধিতকরণ।

বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (এপিএসসি)-২০২৩ এর তথ্য সংগ্রহের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে অনলাইন সফটওয়্যারে তথ্য আপলোডের সময়সীমা ছিল ২০ জুলাই ২০২৩। নির্ধারিত সময়সীমার মধ্যে অনেক সরকারি এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের তথ্য আপলোড করেননি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ ডাটা অনুমোদন করেননি। প্রধান শিক্ষক এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ যথাযথভাবে দায়িত্ব পালন না করার কারণে মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী ডিসেম্বর ২০২৩ এর মধ্যে এপিএসসি-২৩ এর প্রতিবেদন প্রণয়ন কঠিন হয়ে পড়বে। নিম্ন ছকসমূহে সরকারি এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ডাটা আপলোডের অগ্রগতির তথ্য উপস্থাপন করা হলো।

ছক-১: ২৩ জুলাই ২০২৩ তারিখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ডাটা আপলোডের অগ্রগতির তথ্য।

ক্রম	বিভাগ	জমা দেয়নি	অনুমোদনের জন্য পেভিং	অনুমোদিত	খারিজ
১	রাজশাহী	৫৭	৩৫	৮,৫২৬	৪৫
২	খুলনা	৫	২৬	৮,১০৮	৩৫
৩	ঢাকা	৭৪	২৮	১০,৭৭৯	৩৪
৪	চট্টগ্রাম	৫৩	৭৯	১১,৩৯৪	৫৭
৫	বরিশাল	৬১	১৯৩	৫,৯৮০	১২
৬	সিলেট	৬১	১০৮	৪,৮৬৬	২৩
৭	রংপুর	৮৯	২১৮	৯,১৯৬	৪১
৮	ময়মনসিংহ	৯৬	৬৪	৫,১৭৬	২৩
	সর্বমোট	৪৯৬	৭৫১	৬৪,০২৫	২৭০

ছক-২: ২৩ জুলাই ২০২৩ তারিখে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ডাটা আপলোডের অগ্রগতির তথ্য।

ক্রম	বিভাগ	জমা দেয়নি	অনুমোদনের জন্য পেভিং	অনুমোদিত	খারিজ
১	রাজশাহী	৬৮৩	৮৯	৫,৪৩৩	৮৫
২	খুলনা	৩৮৩	৭৫	৩,৭৭৬	৫০
৩	ঢাকা	১,০৫৭	১১২	১১,৩৩০	৬১
৪	চট্টগ্রাম	৭৮৩	৮৬	৭,৩২০	৬৪
৫	বরিশাল	৭৩১	৭৩	১,৬৩৩	২৬
৬	সিলেট	৫০০	৬৫	২,৭২০	৮
৭	রংপুর	১,৫৬০	৫৩৭	৫,২১৮	১৬১
৮	ময়মনসিংহ	৭০৩	১৮২	৪,৩৮৪	২২
	সর্বমোট	৬,৪০০	১,২১৯	৪১,৮১৪	৪৭৭

৫৪

২। পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ আরও লক্ষ্য করেছে যে, ইতোমধ্যে বিভিন্ন বিদ্যালয়ের আপলোডকৃত কিছু তথ্য প্রকৃত সংখ্যার সাথে গড়মিল রয়েছে (যেমন: শিক্ষার্থীর সংখ্যা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর বিবরণ ও বিদ্যালয়ের বিভিন্ন তথ্য)। সুতরাং এপিএসসি'র পূর্বের আপলোডকৃত তথ্য সংশোধন করার প্রয়োজন থাকলে তা সংশোধন করত: নির্দিষ্ট সময়সীমার মধ্যে সঠিক ও নির্ভুল তথ্য আপলোড করতে হবে।

৩। এমতাবস্থায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিসেম্বর ২০২৩ এর মধ্যে এপিএসসি-২০২৩ এর প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আগামী ৩০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সঠিক ও নির্ভুল তথ্য আপলোড ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক অনুমোদন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট প্রধান শিক্ষক এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ এ বিষয়ে ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। বিষয়টি অতীব জরুরী।



খন্দকার দিন মোহাম্মদ

সহকারী পরিচালক (পরিঃ ও মূল্যাঃ)

admonitoringdpe@gmail.com

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা (সকল)


.....

স্মারক নং- ৩৮.০১.০০০০.৮০১.০৩.০২৩.১৯-৩২৭(৮)

তারিখ: ০৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (হাইস্কুল সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের তথ্য হালফিলের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট- ই-১৩/বি, আগারগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
- ৪। পরিচালক, শিশু কল্যান ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৫। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/আইএমডি/পরি: ও উন্নয়ন/অর্থ/প্রকিউরমেন্ট/পলিসি এন্ড অপা:), প্রাশিঅ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোডের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য প্রোগম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা.....।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:, (উপজেলা পর্যায়ের সকল ক্যাটাগরির প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে এপিএসসি এর তথ্য হালফিলের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা:, জেলা..... (হাইস্কুল সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের এপিএসসি-২০২৩ এর তথ্য হালফিল নিশ্চিত করার অনুরোধসহ)।
- ১১। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল).....।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাশিঅ।
- ১৩। অতি: মহাপরিচালক (রাজস্ব/পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) প্রাশিঅ।
- ১৪। সংরক্ষণ নথি।



খন্দকার দিন মোহাম্মদ

সহকারী পরিচালক (পরিঃ ও মূল্যাঃ)

admonitoringdpe@gmail.com